গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট

**উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট এর পল্লী উন্নয়ন ও সমবায় কমিটির সভা**

সভার তারিখ ঃ ১৩.০৩.২০২২ খ্রিস্টাব্দ

সভার সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

সভার স্থানঃ উপজেলা ভাইস চেয়াম্যানের কর্যালয় গোলাপগঞ্জ, সিলেট

| ক্রমিক নং | উপস্থিত সদস্যর নাম | পদবী | কমিটি পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মনসুর আহমদ | ভাইস চেয়ারম্যান | সভাপতি | |
| ২ | জনাব আব্দুস সামাদ | চেয়ারম্যান, বাঘা ইউপি | সদস্য | |
| ৩ | জনাব সৈয়দ হাসিন আহমদ | চেয়ারম্যান, আমুড়া ইউপি | সদস্য | |
| ৪ | জনাব রুহেল আহমদ | সাধারন সম্পাদক, পৌর আওয়ামীলীগ | সদস্য | |
| ৫ | জনাব আব্দুল মোহাইমিন চৌঃ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার | সদস্য সচিব | |

সভায় উপস্থিত সকল কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সর্বসম্মত ভাবে গৃহীত হয়।

আলোচনাঃ

**আলোচ্য সূচী- ১ঃ বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদনঃ**

সভায় বিগত সভার কার্যবিবরনী পাঠ করে শুনানো হয় এবং তা কোন সংশোধনী ছাড়া সর্বসম্মতভাবে অনুমোদিত ও গৃহীত হয়।

**আলোচ্যসূচী-২ঃ উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের নিমিত্তে প্রস্তাব প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।**

সভায় উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের নিমিত্তে বিভিন্ন প্রস্তাব নিয়ে আলোচনা হয়। আলোচনায় অংশ নিয়ে উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, সমবায়ীদের আর্থ-সামাজিক অবস্থার উন্নতির লক্ষ্যে তাঁর কার্যালয় কর্তৃক বিভিন্ন খাতে ঋণ প্রদান করা হয়ে থাকে। তিনি আরও জানান যে, বিগত অর্থ বছরে বিভিন্ন উন্নয়ন মূলক খাতে ৪২৭ জন সমবায়ীদের মাঝে মোট ২১.৮০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এসব ঋণ কৃষিভিত্তিক বিভিন্ন খাতে বিনিয়োগ করা হলেও সংশ্লিষ্ট বিষয়ে পর্যাপ্ত প্রযুক্তি গত ও টেকসই জ্ঞান না থাকায় বিনিয়োগ করে ও সমবায়ীরা আশানুরুপ ফলাফল পাচ্ছে না। অধিকন্তু বিনিয়োগ ফলপ্রসু না হওয়ায় ঋণ পরিশোধে অনিশ্চয়তার সৃষ্টি হচ্ছে। তিনি বলেন, সরকারী ভাবে পর্যাপ্ত বরাদ্দ না পাওয়ায় সংশ্লিষ্টদের যথাযথ প্রশিক্ষণ দেওয়া সম্ভব হয় না। বিগত অর্থবছরের মাত্র ৬০ জন সমবায়ীদের ০১ দিন ব্যাপী প্রশিক্ষণ করানো হয়েছে। এ অবস্থায় বিনিয়োগ ও উৎপাদন ব্যাহত হওয়ায় সমবায়ীরা আর্থিক ভাবে ক্ষতি গ্রস্ত হচ্ছেন এবং সরকারের দারিদ্র্য বিমোচন ও টেকসই অর্থনৈতিক উন্নয়ন কার্যক্রম অনেকাংশে বাধা গ্রস্ত হচ্ছে। এই প্রেক্ষিতে সমবায়ীদের বিভিন্ন বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য উপজেলা পরিষদ হতে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। এই নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপজেলা পরিষদের মাধ্যমে বিভিন্ন উৎপাদনমূলক ও বিনিয়োগ যোগ্য খাতে উপজেলা পরিষদ হল রুমে সমবায়ীদের জন্য ধারাবহিক ভাবে ০৩(তিন) দিন ব্যাপ্তির প্রশিক্ষণ আয়োজনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং নিম্নোক্ত প্রশিক্ষণ বিষয়াদি উপজেলা পরিষদের সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।

**ক. প্রশিক্ষণের লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

অ) সমবায়ীদের আয় ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে পেশা ভিত্তিক দক্ষতা উন্নয়ন।

আ) মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে সচেতনতাসহ সমিতি পরিচালনার জন্য সমবায়ীদের দক্ষতা বৃদ্ধি।

গ) ঋণ সুবিধা সফল বাস্তবায়নের জন্য ঋণ কর্মকান্ড ও আয়বৃদ্ধি মূলক কর্মকান্ড সম্যক ধারণা ,দৃষ্টিভঙ্গি ও সামর্থ্য সৃষ্টি।

ঘ) সামাজিক উন্নয়ন ও সামাজিক নিরাপত্তা কর্মকান্ডের সাথে পরিচিতি প্রদান ও সচেতনতা বৃদ্ধি।

ঙ) সুষ্ঠু সংগঠন বাস্তবায়নের মাধ্যমে যোগ্য নেতৃত্ব সৃষ্টি এবং উন্নয়ন কর্মকান্ডে নারীদের অংশ গ্রহণ ও ক্ষমতায়নের পথ প্রসস্থ করণ ।

চ) "রূপ-কল্প-২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ" বিনির্মানে বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে সমবায়ীদের সক্রিয় অংশ গ্রহণ নিশ্চিত করণ।

**খ) প্রশিক্ষণের প্রকৃতিঃ**

| প্রশিক্ষণের ধরণ | প্রশিক্ষণের বিষয়বস্তু | রিসোর্স পারসন |
|---|---|---|
| দক্ষতা উন্নয়ন , উৎপাদন মুখী ও বিনিয়োগ যোগ্য কর্মকান্ড বিষয়ক | বিভিন্ন আয়বর্ধনমূলক কৃষিজ উৎপাদন মুখী ও বিনিয়োগ যোগ্য কর্মকান্ড | উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা কৃষি অফিসার, উপজেলা প্রাণী সম্পদ অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, উপজেলা মৎস্য অফিসার, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উপজেলা সমবায় অফিসার, উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী। |
| | সামাজিক উন্নয়মূলক বিভিন্ন কর্মকান্ড যেমনঃ পরিবার পরিকল্পনা, স্বাস্থ্য, খাদ্য, পুষ্টি, সামাজিক বনায়ন, আর্সেনিক , বিজ্ঞান সম্মত পয়ঃ প্রনালী, ব্যবহারিক শিক্ষা, দুর্যোগ ব্যবস্থাপনা, নারীর ক্ষমতায়ন ও নেতৃত্ব বিকাশ এবং গণ সচেতনতামূলক। | |
| | সমবায় সমিতি ব্যবস্থাপনা , ঋণ ও হিসাব ব্যবস্থাপনা। | |
| | সমবায়ীদের চাহিদাভিত্তিক স্থায়ী ভাবে লাভজনক বিশেষ কোন কর্মকান্ড। | |

**গ) প্রশিক্ষণার্থী সংখ্যা ও প্রশিক্ষণের ব্যাপ্তীঃ**

প্রতি প্রশিক্ষণ কর্মসুচীতে ৩০ (ত্রিশ) জন করে প্রশিক্ষনার্থী অংশ গ্রহণ করবে এবং প্রতি প্রশিক্ষণের ব্যাপ্তি হবে এক নাগাড়ে ০৩ (তিন) দিন ।

ঘ) প্রশিক্ষণেরব্যয় ও বাজেটঃ

| ক্রঃ নং | ব্যয়ের খাত | ব্যয়ের পরিমান | |
|---|---|---|---|
| | | হার | মোট |
| ০১ | উদ্ধোধনী অনুষ্ঠানের প্রধান অতিথির সম্মানী | ৩০০০/- | ৩,০০০/- |
| ০২ | প্রশিক্ষকের সম্মানীভাতা ( ১৩ জন) | প্রতিক্লাস ১০০০/- | ১৩,০০০/- |
| ০৩ | প্রশিক্ষণার্থীর ভাতা ( ৩০ জন) | প্রতিদিন ৫০০/- | ৪৫,০০০/- |
| ০৪ | প্রশিক্ষণ সামগ্রী ( ৩০ জন) | ৫০/- | ১,৫০০/- |
| ০৫ | নাস্তা(প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী) | ৫০/- | ৪,৫০০/- |
| ০৬ | দুপুরের খাবার (প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী) | ২০০/- | ১৮,০০০/- |
| ০৭ | সমাপনী অনুষ্ঠানের অতিথির সম্মানী | ২০০০/- | ২,০০০/- |
| ০৮ | বিবিধ (ব্যানার, প্রশিক্ষণ সামগ্রী, ফটোকপি, ফটোগ্রাফি ইত্যাদি) | | ৩৫০০/- |
| | | সর্বমোট | ৯০,৫০০/- |

ঙ) প্রশিক্ষণ সিডিউলঃ

প্রশিক্ষণের পূর্বে কর্মসুচী ভিত্তিক প্রশিক্ষণ সিডিউল প্রনয়ন করা হবে। প্রতি ব্যাচে ১৩ (তের) টি ক্লাস অনুষ্ঠিত হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মনসুর আহমদ)
সভাপতি
পল্লী উন্নয়ন ও সমবায় কমিটি
ও
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।

স্মারকনং ৪৭.৬২.৯১৩৮.০০০.০৬.০০১.০৯. ২৫(১)

তারিখঃ ১৩.০৩.২০২২খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে প্রেরণ করা হলোঃ

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।
০২। উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ, সিলেট।
০৩। ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,গোলাপগঞ্জ, সিলেট।
০৪। উপজেলা......................অফিসার (সংশ্লিষ্ট), গোলাপগঞ্জ, সিলেট।
০৫। চেয়ারম্যান, ..................ইউপি(সংশ্লিষ্ট), গোলাপগঞ্জ, সিলেট।
০৬। অফিস কপি।

১৩/৩/2022

(মোঃ আব্দুল মোহাইমিন চৌধুরী)
উপজেলা পল্লী উন্নয়ন অফিসার
গোলাপগঞ্জ, সিলেট।